

তারিখ ... ..

পৃষ্ঠা ১১. ৪ কলার ... ..

## মহেশখালী হোয়ানক কলেজে আর্থিক বিরোধের জেরে ॥ সংঘর্ষে ২ শিক্ষক আহত

ঢাকা রিপোর্টার, কক্সবাজার ॥ মহেশখালী দ্বীপের হোয়ানক কলেজে রবিবার সকালে অভ্যন্তরীণ বিরোধের জের ধরে সংঘর্ষে ২ প্রভাষক আহত হয়েছেন। আহত প্রভাষক দু'জনকে কক্সবাজার সরকারী হাসপাতালে ভর্তি করা হয়েছে। কলেজের বর্তমান অধ্যক্ষের সাথে আর্থিক অনিয়ম নিয়ে কলেজের প্রভাষক সরওয়ার কামালের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে। রবিবার সকালে কলেজের অফিসে বিরোধের জের ধরে প্রভাষক সরওয়ার কামাল এবং প্রভাষক খায়রুদ্দাহ হিচ্ছিকীর মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে তাঁরা লিঙ হন মল্লযুদ্ধে। এমনকি একজন টেবিলে থাকা পেপারওয়েট এবং নেল কাটারের ছুরি দিয়ে আঘাত করলে সরওয়ার কামাল গুরুতর আহত হন। তাঁকে কক্সবাজার সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং পরে অন্যজনকেও ভর্তি করা হয়েছে একই হাসপাতালে।